

যুগ্মত্ব

বশেমুরবিপ্রবি শিক্ষার্থীদের আন্দোলন চলছে: ভিসির পদত্যাগই সংকটের সমাধান

প্রকাশ : ২৫ সেপ্টেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 গোপালগঞ্জ প্রতিনিধি



গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বশেমুরবিপ্রবি) ভিসি অধ্যাপক ড. খোন্দকার নাসিরউদ্দিনের পদত্যাগের দাবিতে অনড় শিক্ষার্থীরা।

মঙ্গলবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের সামনে আয়োজিত সংবাদ সম্মেলন আন্দোলনের নেতৃত্বে থাকা শিক্ষার্থীরা বলেন, এই আন্দোলন দমনে আমাদের ওপর হামলা-নির্যাতন চালানো হয়েছে। আমাদের কোণঠাসা করার অপচেষ্টা করা হয়েছে। কিন্তু এই আন্দোলন দমিয়ে রাখা যাবে না। ভিসি পদত্যাগ না করা পর্যন্ত আমাদের আন্দোলন চলবে।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে গণিত বিভাগের ছাত্র মো. আল গালিব বলেন, আমরা বঙ্গবন্ধু প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা এক স্বৈরাচারী ভিসির বিরুদ্ধে আন্দোলন করছি, যার নৈতিক স্থলে চরম পর্যায়ে। আমরা তার বন্দি জিজ্ঞের থেকে মুক্ত হতে চাই। আমাদের এক দাবি একটাই তা হল দুর্নীতিগ্রস্ত ভিসির পদত্যাগ।

গালিব বলেন, ‘ভিসি’র স্বৈরাচারী আচরণ, অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে আমরা সাধারণ শিক্ষার্থীরা আন্দোলন করে যাচ্ছি। এতে সংহতি প্রকাশ করেছেন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। সংহতি প্রকাশ করেছেন বুদ্ধিজীবী ও সুশীল সমাজ। আমাদের এই আন্দোলন দমিয়ে রাখা যাবে না। ভিসিকে পদত্যাগ করতেই হবে।’

সংবাদ সম্মেলনে আইন বিভাগের ছাত্র শফিকুল ইসলাম, আবদুল্লাহ আল রাফি, নাহিদ মোল্লা, লোকপ্রশাসন বিভাগের ছাত্রী

রেহেনুমা তাবাসসুম প্রযুক্ত উপস্থিত ছিলেন। শিক্ষার্থীরা মুষলধারে বৃষ্টি উপেক্ষা করে মঙ্গলবার ৬ষ্ঠ দিনের মতো ক্যাম্পাসে ভিসিবিরোধী বিক্ষেপ যিছিল ও সমাবেশ করে। ভিসির পদত্যাগের দাবিতে বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির উদ্যোগে দুপুরে ক্যাম্পাসে মানববন্ধন হয়।

ভারপ্রাণ সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।